# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য রাজনৈতিক দলসমূহের প্রচার অভিযান অব্যাহত/মুখ্যমন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মার আজ ধলাই আসনের দলীয় প্রার্থীর হয়ে প্রচার অভিযানে অংশগ্রহণ/

(২) কেন্দ্রীয় গৃহ সচিব গোবিন্দ মোহনের গুয়াহাটিতে রাজ্যের গৃহবিভাগের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক/ আত্মসমর্পণকারী উগ্রপন্থীদের পুর্নবাসন সহ বেশকয়েকটি জরুরি বিষয় নিয়ে আলোচনা/

(৩) বিশ্ববরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার মৃত্যু বার্ষিকী উপলক্ষে রাজ্যজুড়ে আজ শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন/ সরকার - প্রশাসন এবং বিভিন্ন দল-সংগঠনের উদ্যোগে বিভিন্ন কার্যসূচী রূপায়ণ/

এবং

(৪) ছটপূজা উপলক্ষে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা জ্ঞাপন/

------------------------------------------------------------------------------------

আগামী ১৩ ই নভেম্বর ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি আসনে অনুষ্ঠেয় বিধানসভা উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । মুখ্যমন্ত্রী ও রাজ্যের প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ধলাই বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থী নীহার রঞ্জন দাসের হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে শিলচর আসেন । তিনি ধলাই বিধানসভা আসনের অর্ন্তগত পালংঘাটের সি সি জে সি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন । এছাড়াও ডঃ শর্মা ধলাইয়ের বাম নিত্যানন্দ বহুমুখী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত অপর একটি নির্বাচনী সভায়ও দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালান । ডঃ শর্মার সঙ্গে এই প্রচার অভিযানের সময় রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, সাংসদ কৃপানাথ মালাহ্, পাঁচ বিধায়ক দীপায়ন চক্রবর্তী, কৌশিক রাই, মিহির কান্তি সোম, কৃষ্ণেন্দু পাল, বিজয় মালাকার, বর্তমান সাংসদ পরিমল শুক্লবৈদ্য, প্রাক্তন সাংসদ রাজদীপ রায় প্রমুখ উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ধলাই আসনের উপ-নির্বাচনে কেন্দ্র ও রাজ্যে ক্ষমতাসীন বিজেপি শাসিত সরকারের আমলে বিজেপি প্রার্থীকেই জয়ী করলে ধলাইয়ের উন্নয়ন ত্বরান্বিত হবে বলে মন্তব্য করে ভোটদাতাদের এই আসনের বিজেপি প্রার্থী শ্রী দাসকে জয়ী করার আহ্বান জানিয়েছেন ।

---

এদিকে বিহালী বিধানসভা কেন্দ্রে আজ রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা, সাংসদ পবিত্র মার্ঘেরিটা, রঞ্জিত দত্ত এবং মন্ত্রী কেশব মহন্ত ও অতুল বরা নির্বাচনী প্রচার চালান । কংগ্রেস দলের প্রার্থীর হয়ে আজ বঙাইগাওয়ে দলের রাজ্য সভাপতি ভূপেন বরা প্রচার অভিযানে অংশ নেন । তিনি জনসাধারণকে দুর্নীতিমুক্ত প্রশাসন এবং উন্নয়নের স্বার্থে দলীয় প্রার্থীকে জয়ী করার আহ্বান জানান । সাংসদ রকিবুল হোসেন আজ সামগুড়ি আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হোসেনের হয়ে প্রচার সভায় অংশ নেন । এদিকে সিডলি আসনের বিপিএফ প্রার্থী বুদ্ধ বসুমাতারীর হয়ে দলের সভাপতি হাগ্রামা মহিলারী প্রচারে অংশ নেন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে- ভারত ধর্মের পবিত্র ভূমি এবং প্রত্যেক যুগে এই পবিত্র ভূমিতে মহান গুরু ও সাধকদের জন্ম হয়েছে । নতুনদিল্লিতে আজ প্রথম এশিয় বৌদ্ধ শীর্ষ সম্মেলনে ভাষণ দিয়ে রাষ্ট্রপতি একথা বলেন । তিনি বলেন যে- এই পথ প্রদর্শকদের মধ্যে ভগবান বুদ্ধের অনন্য স্থান রয়েছে । তিনি বলেন যে- বুদ্ধগয়ার বোধিবৃক্ষের তলায় সিদ্ধার্থ গৌতমের জ্ঞান লাভ করার বিষয়টি ইতিহাসের অভূতপূর্ব

ঘটনারূপে বিবেচিত হয়ে আসছে । রাষ্ট্রপতি বলেন যে- সমগ্র বিশ্ব সাম্প্রতিককালে বিভিন্ন ক্ষেত্রে অস্তিত্বের সঙ্কটে রয়েছে । এবং এই সময়ে বৌদ্ধ সম্প্রদায়ের মানব জাতিকে দেওয়ার মতো যথেষ্ট বিষয় রয়েছে । এশিয়াকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে বৌদ্ধ ধর্মের ভূমিকা এবং বৌদ্ধ ধর্ম এশিয়া তথা সমগ্র বিশ্বে কিভাবে বাস্তবিক অর্থে শান্তি ফিরিয়ে আনতে পারে, তা নিয়ে চর্চা করার পরয়োজনীয়তা রয়েছে বলে শ্রীমতি মুর্মু প্রকাশ করেছেন । শান্তি এবং অহিংসাই বৌদ্ধ ধর্মের মূল মন্ত্র বলে অভিহিত করে রাষ্ট্রপতি সমগ্র বিশ্বে করুণার প্রয়োজনীয়তা রয়েছে বলে উল্লেখ করেন । উল্লেখ্য- কেন্দ্রীয় সাংস্কৃতিক মন্ত্রণালয় বৌদ্ধ ধর্মের সম্মানার্থে আর্ন্তজাতিক বৌদ্ধ পরিসংঘের সহযোগিতায় দুদিনের এই সম্মেলনের আয়োজন করেছে । সম্মেলনের মূল বিষয়বস্তু হচ্ছে-- এশিয়াকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে বৌদ্ধ ধর্মের ভূমিকা ।

---------------------------------------------------------------------------------------

সংসদের শীতকালীন অধিবেশন আগামী ২৫ শে নভেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে । সংসদীয় পরিক্রমা বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সামাজিক মাধ্যমে এক বিশেষ পোস্টে বলেন যে সংবিধান সদনের সেন্ট্রাল হলে আগামী ২৬ শে নভেম্বর সংবিধান গ্রহণের ৭৫ তম বার্ষিকী পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ গুয়াহাটিতে রাজ্যের গৃহ বিভাগের প্রবীণ আধিকারিকদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করেন । বৈঠকে রাজ্যের মুখ্য সচিব, পুলিশের সঞ্চালক প্রধান, গৃহ বিভাগের সচিব সহ প্রবীণ আধিকারিকদের অংশগ্রহণ করা এই বৈঠকে আদিবাসী ও কার্বি উগ্রপন্থী গোষ্ঠী সহ বেশকয়েকটি উগ্রপন্থী সংগঠনের সঙ্গে শান্তি চুক্তি রূপায়ণ সম্পর্কে আলোচনা করা হয় । এই আলোচনায় আত্মসমর্পণকারী এবং জাতীয় জীবনের মূলস্রোতে ফিরে আসা উগ্রপন্থী সংগঠনের সদস্যদের পুর্নবাসন সহ অন্যান্য বিষয়ের উপর আলোকপাত করা হয় ।

---------------------------------------------------------------------------------------

বিশ্ববরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার আজ ত্রয়োদশ মৃত্যুবার্ষিকী । ২০১১ সালের আজকের দিনটিতে প্রয়াত হওয়া এই মহান শিল্পীর মৃত্যুবার্ষিকীতে রাজ্যজুড়ে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে তাঁকে স্মরণ করা হয়েছে । রাজ্যসরকারের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের উদ্যোগে গুয়াহাটির জালুকাবাড়ীতে থাকা শিল্পীর সমাধিস্থলে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । তাঁর সমাধিস্থলে আজ সকাল সাড়েন'টা থেকে স্মৃতিচারণ সভা এবং সর্বধর্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয় । এতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অজন্তা নেওগ । প্রয়াত হাজারিকার সম্মানে নৃত্য-গীতের

অনুষ্ঠানের আয়োজন করা হয় । দিঘলীপুখুরি পাড়ে থাকা ভূপেন হাজারিকার প্রতিমূর্তিতে দশ হাজার প্রদীপ জ্বালিয়ে শিল্পীকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করা হয়েছে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ভারতরত্ন ডঃ হাজারিকার ত্রয়োদশ মৃত্যুবির্ষিকী উপলক্ষে শিল্পীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমযোগে মুখ্যমন্ত্রী বলেছেন যে- ভূপেন হাজারিকা আসামের আকাশে অনন্তকালের জন্য উজ্জ্বল নক্ষত্র হয়ে বেঁচে থাকবেন । ভবিষ্যত প্রজন্ম চিরবন্দিত এই শিল্পীর অমূল্য অবদান সময়ের স্রোতের সঙ্গে এগিয়ে নিয়ে যাবে বলে শ্রী শর্মা মন্তব্য করেন । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ও এই মহান শিল্পীর মৃত্যুবির্ষিকী উপলক্ষে তাঁর কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় সরাষ্ট্র মন্ত্রী বলেছেন যে- কালজয়ী এই শিল্পী সঙ্গীতের জগতে আমাদের সংস্কৃতি ও ভাষার মাহাত্ম্য প্রকাশ করে দেশকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে প্রেরণা যুগিয়েছেন । ডঃ হাজারিকার মহান সৃষ্টিরাজি ভবিষ্যত প্রজন্মের জন্য চিরদিন অনুপ্রেরণার অনন্য উৎস হয়ে থাকবে বলেও শ্রী শাহ্ মত প্রকাশ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট উৎসবের অংশ নাহাই খাই উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী সকল ব্রতধারীদের বিশেষ শুভেচ্ছা জানান । ছট মায়ের আশীর্বাদের তাদের ধর্মীয় আচার অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হবে বলেও প্রধানমন্ত্রী আশা ব্যাক্ত করেন ।

মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা ছট পূজা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় এই শুভক্ষণে ছট মাতা এবং সূর্যদেবের আশীর্বাদে সকলের জীবন ধন্য হবে বলে আশা প্রকাশ করেন । তিনি সেইসঙ্গে সবার সুখ ,শান্তি ও সমৃদ্ধি কামনা করেন ।

বরাক উপত্যকার চা বাগান অঞ্চল সহ তিন জেলার হিন্দিভাষাভাষী জনসাধারণের মধ্যে ছট পূজাকে কেন্দ্র করে আজ থেকেই ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে । বাজারে রং-বেরঙের চুনরী, বাঁশ-বেতের ডালা-কূলো, ফল-ফুল ইত্যাদি পূজোর সামগ্রী কিনতে গ্রাম শহরের বিভিন্ন স্থানে ভক্তদের ভীড় লক্ষ্য করা গেছে। শিলকুড়ি বরমবাবা মন্দির প্রাঙ্গণে ছটপূজো উপলক্ষে বিশেষ মন্ডপ বানিয়ে পূজোর আয়োজন করা হচ্ছে । এছাড়াও উপত্যকার গ্রাম এবং বাগান অঞ্চলে এই পূজোকে কেন্দ্র করে উৎসবের মেজাজ দেখা যাচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ত্রিপুরা, মিজোরাম এবং হরিয়ানার পঞ্চায়েতিরাজ ব্যবস্থার অর্ন্তগত গ্রামীণ স্থানীয় প্রতিষ্ঠানগুলির জন্য ২০২৪-২৫ অর্থ বছরে পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান মঞ্জুর করেছে । ত্রিপুরার এক হাজার ২৬০টি গ্রামীণ স্থানীয় প্রতিষ্ঠানের জন্য ৩১ কোটি ৪০ লক্ষ টাকার প্রথম কিস্তি এবং ৪৭ কোটি দশ লক্ষ টাকার টাইড ফান্ডের অনুদানের প্রথম কিস্তি মঞ্জুর করা হয়েছে । এদিকে মিজোরামের স্বায়ত্তশাসিত জেলা পরিষদ অঞ্চল সমূহ সহ ৮৩৪টি গাঁও পরিষদের জন্য ২০২২-২৩ অর্থবর্ষের দ্বিতীয় কিস্তির ১৪ কোটি কুড়ি লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরের টাইড ফান্ডের অনুদানের দ্বিতীয় কিস্তির ২১ কোটি ত্রিশ লক্ষ টাকার অনুদান মঞ্জুর করা হয়েছে । এছাড়া হরিয়ানার পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠান ও গ্রামীণ স্থানীয় বোর্ডগুলিকে প্রথম কিস্তির অংশ হিসেবে প্রায় ১৯৫ কোটি টাকার অনুদান প্রদান করা হয়েছে । রাজ্যের ১৮টি যোগ্য জেলা পঞ্চায়েত এবং ১৩৯টি ব্লক পঞ্চায়েত এবং ৫ হাজার ৯১১টি গ্রাম পঞ্চায়েত এই অনুদান লাভ করবে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানিয়েছেন যে আসাম দোকান এবং প্রতিষ্ঠান আইন ১৯৭১ ইং ১১ নম্বর ধারা অনুযায়ী প্রত্যেক দোকান মালিকদের নিজ নিজ বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো প্রতি রবিবার সম্পূর্নভাবে বন্ধ রাখতে হবে । অন্যথা আইন অনুযায়ী ব্যাবস্থা নেওয়া হবে ।তবে আইন অনুযায়ী ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলি এই নির্দেশের বাইরে থাকবে ।

-----------------------------------------------------------------------------------

সরকারী পেনশনভোগীদের চলতি মাসে লাইফ সার্টিফিকেট জমা দেবার প্রক্রিয়াকে আরো সহজ করতে হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষ বিশেষ ব্যাবস্থা গ্রহণ করেছে । কর্তৃপক্ষ জেলার দুটি ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্কে হেল্প ডেস্ক চালু করেছে । এই হেল্প ডেস্কের মাধ্যমে আইন সেবা কর্তৃপক্ষের প্যারা লিগেল ভলান্টিয়াররা প্রবীণ পেনশন প্রাপকদের লাইফ সার্টিফিকেট ফর্ম সঠিভাবে জমা দেবার ক্ষেত্রে সব ধরণের সহায়তা প্রদান করছেন । এই প্যারা লিগেল ভলান্টিয়াররা শারিরীকভাবে অসুস্থ পেনশন প্রাপকদের ঘরে গিয়েও অনুরূপ বিনামূল্যে সেবা প্রদান করছেন । আগামী ৩০ শে নভেম্বর পর্যন্ত এই সেবা অব্যাহত থাকবে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ধলেশ্বর থেকে চন্দ্রপুর বাইপাস পর্যন্ত ১৫৪ নম্বর জাতীয় সড়কের মেরামতির কাজ আগামী মাস অর্থাৎ ডিসেম্বর মাসে শুরু হবে । আজ হাইলাকান্দিতে অনুষ্ঠিত জেলা উন্নয়ন কমিটির এক সভায় পূর্ত বিভাগের জাতীয় সড়ক শাখার নির্বাহী বাস্তুকার আব্দুল হক খান এই তথ্য জানান । জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের পৌরহিত্যে সভায় ওজন ও পরিমাপ বিভাগকে জেলার দোকান এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলির ওজন ও পরিমাপ সামগ্রী সরকারী নিয়ম অনুযায়ী যথাযথভাবে পুর্ননবীকরণ করানো হয়েছে কি না তা খতিয়ে দেখতে অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয় । এছাড়া সভায় চলতি বছরের শুরুর দিকে বিকাশযাত্রা কর্মসূচীর অধীনে স্বাস্থ্য বিভাগ ,শিক্ষা বিভাগ , মৎস উন্নয়ন বিভাগ সহ অন্যান্য বিভাগে যে ৫৪ টি প্রকল্পের কাজের শিলান্যাস হয়েছিলো , তার সবকটির কাজ জোর গতিতে এগিয়ে চলেছে বলে জানানো হয় ।

---------------------------------------------------------------------------------------